# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৭. ইসতিনজার হুকুম

## بَابُ الِاسْتِنْجَاءِ

আরবী

نَا عَبْدُ الْبَاقِي بْنُ قَانِعٍ ، نَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ الْمُضَرِيُّ ، نَا أَبُو عَاصِمٍ ، نَا زَمْعَةُ بْنُ صَالِحٍ ، عَنْ سَلَمَةَ بْنِ وَهْرَامَ ، عَنْ طَاوُسٍ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، قَالَ : قَالَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ : " إِذَا قَضَى أَحَدُكُمْ حَاجَتَهُ فَلْيَسْتَنْجِ بِثَلَاثَةِ أَعْوَادٍ ، أَوْ بِثَلَاثَةِ أَحْجَارٍ ، أَوْ بِثَلَاثِ حَثَيَاتٍ مِنَ التُّرَابِ
قَالَ : زَمْعَةُ فَحَدَّثْتُ بِهِ ابْنَ طَاوُسٍ فَقَالَ أَخْبَرَنِي أَبِي ، عَنِ ابْنِ عَبَّاسٍ بِهَذَا سَوَاءً . لَمْ يُسْنِدْهُ غَيْرُ الْمُضَرِيِّ ، وَهُوَ كَذَّابٌ مَتْرُوكٌ ، وَغَيْرُهُ يَرْوِيهِ عَنْ أَبِي عَاصِمٍ ، عَنْ زَمْعَةَ ، عَنْ سَلَمَةَ بْنِ وَهْرَامَ ، عَنْ طَاوُسٍ مُرْسَلًا . لَيْسَ فِيهِ ، عَنِ ابْنِ عَبَّاسٍ ، وَكَذَلِكَ رَوَاهُ عَبْدُ الرَّزَّاقِ وَابْنُ وَهْبٍ وَوَكِيعٌ وَغَيْرُهُمْ ، عَنْ زَمْعَةَ ، وَرَوَاهُ ابْنُ عُيَيْنَةَ ، عَنْ سَلَمَةَ بْنِ وَهْرَامَ ، عَنْ طَاوُسٍ قَوْلَهُ : وَقَدْ سَأَلْتُ سَلَمَةَ ، عَنْ قَوْلِ زَمْعَةَ أَنَّهُ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَلَمْ يَعْرِفْهُ

বাংলা

১৫১(১২). আবদুল বাকী ইবনে কানে’ (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ পায়খনা-পেশাবের পর তিন টুকরা কাঠ অথবা তিন টুকরা পাথর অথবা তিন টুকরা ঢিলা দিয়ে শৌচ করবে।

যামআহ ইবনে সালেহ (রহঃ) বলেন, আমি ইবনে তাউসের নিকট এ হাদীস বর্ণনা করলে তিনি বলেন, আমার পিতা ইবনে আব্বাস (রাঃ) থেকে এই সূত্রে অনুরূপ বর্ণনা করেছেন। আহমাদ ইবনুল হাসান আল-মুদারী ব্যতীত অপর কেউ এ হাদীস বর্ণনা করেননি। তিনি মিথ্যাবাদী ও পরিত্যক্ত। অন্যরা এ হাদীস আবু আসেম-যামআহ-সালামা ইবনে ওয়াহরাম-তাউস সূত্রে মুরসাল (তাবিঈর বক্তব্য) হিসেবে বর্ণনা করেছেন, তাতে ইবনে আব্বাস (রাঃ) এর উল্লেখ নেই।

অনুরূপভাবে আবদুর রাযযাক-ইবনে ওয়াহাব ও ওয়াকী প্রমুখ-যাআহ থেকে অনুরূপ বর্ণনা করেছেন। ইবনে উয়াইনা (রহঃ) সালামা ইবনে ওয়াহরাম-তাউস সূত্রে তার বক্তব্য হিসাবে বর্ণনা করেন। আমি সালামার নিকট যামআর কথা সম্পর্কে জিজ্ঞেস করলাম যে, তিনি কি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন? তিনি তা শনাক্ত করতে পারেননি অর্থাৎ অজ্ঞতা প্রকাশ করেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79940

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন